

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ উপর্যুপরি বালা-মুসীবতের সময় দ্বীনের উপর অটল থাকা জরুরী

ذَكَرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الثَّبَاتِ عَلَى الدِّينِ عِنْدَ تَوَاتُرِ الْبَلَاءِ عَلَيْهِ

আরবী

2892 - أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ صُلَيْحٍ بِوَاسِطَةِ حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ بَيَانَ السُّكَّرِيُّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - لَيْلَةَ أُسْرِي بِهِ - مَرَّ بِرِيحٍ طَيِّبَةٍ فَقَالَ: (يَا جِبْرِيلُ مَا هَذِهِ الرِّيحُ؟) قَالَ: هَذِهِ رِيحُ مَا شِطَّةِ بِنْتِ فِرْعَوْنَ وَأَوْلَادِهَا بَيْنَمَا هِيَ تَمْشُطُ بِنْتَ فِرْعَوْنَ إِذْ سَقَطَ الْمِدْرَى مِنْ يَدِهَا فَقَالَتْ: بِسْمِ اللَّهِ فَقَالَتْ بِنْتُ فِرْعَوْنَ: أَبِي؟ قَالَتْ: بَلْ رَبِّي وَرَبُّكَ اللَّهُ قَالَتْ: وَإِنَّ لَكَ رَبًّا غَيْرَ أَبِي؟ قَالَتْ: نَعَمْ اللَّهُ قَالَتْ: فَأَخْبِرْ بِذَلِكَ أَبِي؟ قَالَتْ: نَعَمْ فَأَخْبَرْتُهُ فَأَرْسَلَ إِلَيْهَا فَقَالَ: أَلَيْكَ رَبٌّ غَيْرِي؟ قَالَتْ: نَعَمْ رَبِّي وَرَبُّكَ اللَّهُ فَأَمَرَ بِنُقْرَةٍ مِنْ نُحَاسٍ فَأُحْمِيَتْ فَقَالَتْ لَهُ: إِنَّ لِي إِلَيْكَ حَاجَةً قَالَ: نَعَمْ قَالَ: فَجَعَلَ يُلْقِي وَلَدَهَا وَاحِدًا وَاحِدًا حَتَّى انْتَهَوْا إِلَى وَلَدٍ لَهَا رَضِيعٍ فَقَالَ: يَا أُمَّتَاهُ اثْبَتِي فَإِنَّكَ عَلَى الْحَقِّ.

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2892 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (880) .

বাংলা

২৮৯২. আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে রাতে নৈশভ্রমণ করানো হয়, সে রাতে তিনি একটি সুঘ্রাণের পাশ দিয়ে অতিক্রম করেন। তখন তিনি জিবরীল আলাইহিস সালামকে জিজ্ঞেস করেন, “হে জিবরীল আলাইহিস সালাম, এই ঘ্রাণটা কিসের?” জবাবে তিনি বলেন, “এটা ফেরআউনের মেয়ের চুল বিন্যাসকারিনী ও তাঁর মেয়ের সুগন্ধি। একবার তিনি

ফেরআউনের মেয়ের চুল বিন্যাস করছিলেন, এমন সময় তার হাত থেকে চিরুনী পড়ে যায়। তখন সে (চিরুনী উঠানোর সময়) বিসমিল্লাহ বলে। তখন ফেরআউনের মেয়ে বলে, “আমার বাবা (তোমার আল্লাহ)?” সে জবাবে বলে, “আমার ও তোমার প্রতিপালক হলেন আল্লাহ।” সে আবারো জিজ্ঞেস করে, “আমার বাবা ছাড়া তোমার প্রতিপালক আছে?” সে জবাবে বলে, “হ্যাঁ। তিনি হলেন আল্লাহ।” সে পুনরায় বলে, “এটা আমার বাবাকে বলে দিবো?” সে জবাবে বলে, “হ্যাঁ।”

অতঃপর সে তার বাবাকে ব্যাপারটি জানিয়ে দেয়। অতঃপর ফেরআউন তাকে ডেকে পাঠায়। ফেরআউন তাকে জিজ্ঞেস করে, “আমি ছাড়াও কি তোমার প্রভু আছে?” সে বলে, “হ্যাঁ। আমার এবং আপনার প্রভু আল্লাহ।” অতঃপর ফেরআউন সীসার গর্ত উত্থাপ্ত করার নির্দেশ দেয়, ফলে তা উত্থাপ্ত করা হলো।

অতঃপর সেই মহিলা ফেরআউনকে বললো, “আপনার কাছে আমার কি কোন প্রয়োজন আছে।” সে বললো, “ঠিক আছে।” তারপর ফেরআউন তার সন্তানদেরকে এক এক করে গর্তে নিক্ষেপ করতে শুরু করে। এভাবে তার দুঃখপোষ্য সন্তানের পালা আসে। তখন সেই শিশু বলে, “হে আমার মা, আপনি অটল থাকুন। নিশ্চয়ই আপনি হকের উপর আছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩১০; ইমাম বাইহাকী, দালাইলুন নুবুওওয়া: ২/৩৮৯; বাযযার: ৫৪; তাবারানী আল কাবীর: ১১/১২২৮০।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফাহ: ৮৮০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92222>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন